রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৫ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নং ৪৫-আইন/২০২৬।**—যেহেতু ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানীর "কুষ্টিয়া লীফ ফ্যাক্টরী" এর তামাক প্রক্রিয়াজাতকরণের কার্যক্রম বৎসরে আনুমানিক ১২৫ কর্মদিবস (এপ্রিল হইতে আগস্ট যাহা তামাক ক্রয়ের উপর নির্ভরশীল) হওয়ায় উক্ত কারখানাকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩২৮ এর বিধান অনুসারে ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ২৯৪-আইন/২০০৭ এর মাধ্যমে মৌসুমী কারখানা হিসাবে ঘোষণা করা হয়; এবং

যেহেতু ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানীর ব্যবসায়িক সম্প্রসারণ এবং সার্বিকভাবে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় উক্ত কোম্পানীর "কুষ্টিয়া লীফ ফ্যাক্টরী" কে মৌসুমী কারখানা হইতে সারাবছর মেয়াদি কারখানায় রূপান্তরের আবেদন করা হইয়াছে;

সেহেতু ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৯৪-আইন/২০০৭ এতদ্দ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মো: সানোয়ার জাহান ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

মূল্য : টাকা ৪.০০